

স্বাঃ/৫

003

তারিখ ... 11 MAY 1985 ...
পৃষ্ঠা... 3 ...

গণশিক্ষা ও বয়স্ক শিক্ষা কর্মসূচীতে ২৯০ কোটি টাকা ব্যয় হবে

সরকার দেশে গণশিক্ষা ও বয়স্ক শিক্ষা কর্মসূচীর ব্যাপারে ব্যাপক পরিকল্পনা নিয়েছেন। এজন্য ২৯০ কোটি টাকা ব্যয় হবে। শিক্ষা ও সংস্কৃতি বিষয়ক সচিব কাজী জালালুদ্দিন আহমেদ একথা জানান। তিনি বলেন, পরবর্তী তৃতীয় পাঁচগালা পরিকল্পনা সময়ের মধ্যেই এই পরিকল্পনা বাস্তবায়িত হবে।

শিক্ষা সচিব গত বৃহস্পতিবার শিক্ষা প্রশাসন সম্প্রসারণ ও গবেষণা ইনস্টিটিউট (নিয়ন্ত্রক) সাক্ষরতা পরিদপ্তর ও বয়স্ক শিক্ষা সংগঠকদের কোর্সের সনদ বিতরণ অনুষ্ঠানে ভাষণ দিচ্ছিলেন।

শিক্ষা মন্ত্রণালয় এবং রাষ্ট্রের আইনসংকেদা যৌপভাবে এই কোর্সের আয়োজন করে। শিক্ষা সচিব বলেন, গণসাক্ষরতা কর্মসূচীর সফল বাস্তবায়নের জন্য রাষ্ট্রদপ্তরের সহজিদগমহের সাথে সংশ্লিষ্ট ২ লাখেরও বেশী স্কুল ও ৪০ হাজার প্রাথমিক বিদ্যালয়কে কাজে লাগানো হবে।

তিনি সাক্ষরতা কর্মসূচী বাস্তবায়নে সরকারী ও বেসরকারী সকল সংস্থার সাহায্য প্রার্থনা করেন।